

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 16-12-2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, ভারতীয় সংবিধানের নথিতে উল্লিখিত চেতনাকে জাগ্রত করবে, এমন ভারত গড়ে তোলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করার সময় এসেছে।

২০২৪-২৫-এর প্রথম পর্যায়ের অনুদানের অতিরিক্ত চাহিদা অনুমোদন নিয়ে আজ লোকসভায় আলোচনা হচ্ছে।

২) ১৯৭১ সালের ঐতিহাসিক ইন্দো-পাক যুদ্ধ জয়ের স্মরণে প্রতিবছরের ন্যায় এবারেও বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

৩) ডিম, দুধ, মাংস উৎপাদনে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।

৪) রাজ্যের পুর এলাকায় বিল্ডিং প্ল্যান অনুমোদনের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে কাউন্সিলারদের ক্ষমতা খর্ব করে পুরসভার আধিকারিকদের বাড়তি দায়িত্ব দেওয়া হচ্ছে।

৫) বাংলা, মহিলাদের সিনিয়র একদিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, ভারতীয় সংবিধানের নথিতে উল্লিখিত চেতনাকে জাগ্রত করবে, এমন ভারত গড়ে তোলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করার সময় এসেছে। রাজ্যসভায় আজ সংবিধানে গৌরব যাত্রার ৭৫ বছর উপলক্ষে এক বিশেষ আলোচনার সূচনা করে শ্রীমতী সীতারমন বলেন, বিজেপি সর্বদায়-ই মহিলাদের কল্যাণ এবং মহিলা সংরক্ষণে দায়বদ্ধ। সংবিধানকে রক্ষা করার বিষয়ে দল প্রতিশ্রুতিবদ্ধ বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট – সীতারমন)

অন্যদিকে, আলোচনায় যোগ দিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ সাকেত গোখেল বলেন, ভারতীয় সংবিধান দেশবাসীর কাছে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ন্যায় বিচার সুনিশ্চিত করেছে। কেন্দ্রের সরকার সংবিধানের ৯-টি মূল বিষয়কে লঙ্ঘন করেছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – সাকেত গোখেল)

০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৪-২৫-এর প্রথম পর্যায়ের অনুদানের অতিরিক্ত চাহিদা অনুমোদন নিয়ে আজ লোকসভায় আলোচনা হয়। সরকার সংসদে অতিরিক্ত ব্যয় খাতে ৮৭ হাজার ৭৬২ কোটি টাকার অনুমোদন চেয়েছে। ঋণ, দায়ভার এবং সুদ খাতে দেওয়ার জন্য মোট ৪৪ হাজার ১৪২ কোটি টাকার খসড়া প্রস্তাব রেখেছে। আলোচনার সূচনা করে কংগ্রেসের কে সি বেণুগোপাল অভিযোগ করেন গত কয়েক বছরে, তথ্য প্রযুক্তি, লজিস্টিক, খুচরো ব্যবসা, এফ এম সি জি এবং ব্যাঙ্কিং-এর মতো প্রধান ক্ষেত্রগুলিতে বেতন সেভাবে বাড়েনি। মুদ্রাস্ফীতি এবং সাক্ষরতার দামও বেড়েছে অস্বাভাবিক হারে। বিজেপি-র ডক্টর সঞ্জয় জয়সোয়াল বলেন, সরকার কৃষকদের জন্যই অনুদানের অতিরিক্ত চাহিদা হিসেবে

২৫ হাজার কোটি টাকা দাবি করেছে। ২০২৪-২৫-এ দেশের দরিদ্র এবং কৃষকদের প্রায় ৪ লক্ষ ৫০ হাজার কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে। পি এম কিষাণ সম্মান নিধি খাতে যোগ্য কৃষকদের অ্যাকাউন্টে দেওয়া হয়েছে ৩ লক্ষ ৪৬ হাজার কোটি টাকা ।

(বাইট – সঞ্জয় জয়সোয়াল)

আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ সৌগত রায় অনুদানের অতিরিক্ত চাহিদা নিয়ে দলের কোন আপত্তি না থাকলেও দেশের অর্থনৈতিক বিকাশ এবং মুদ্রাস্ফীতির নিয়ন্ত্রণ নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, মুদ্রাস্ফীতির হার বাড়লে মধ্যবিত্ত সমাজ, সবচেয়ে বেশি সমস্যার মধ্যে পড়বে।

(বাইট - সৌগত রায়)

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র জানিয়েছে , যে সমস্ত জায়গায় পঞ্চাশ বা তার বেশি কর্মী কাজ করছেন, সেখানে পৃথকভাবে ক্রেতার সুবিধা অথবা কর্মক্ষেত্রেই এই ব্যবস্থা থাকা বাধ্যতামূলক। লোকসভায় আজ এক প্রশ্নের জবাবে শ্রম ও কর্মসংস্থান দফতরের মন্ত্রী ডক্টর মানসুখ মান্ডভিয়া বলেন, কাজ এবং পারিবারিক দায়িত্বের মধ্যে ভারসাম্য রক্ষার জন্য বিভিন্ন আইনের সংশোধন করা হয়েছে। মহিলাদের জন্য ১৯৬১-র মাতৃকালীন সুবিধা আইনকে সংশোধন করে এখন ২৬ সপ্তাহের সবেতন ছুটি দেওয়া হয়। সরকারি দপ্তরে কর্মরত মহিলারা তিন মাসের কম বয়সী শিশুকে দত্তক নিলেও, তিন মাসের সবেতন মাতৃকালীন ছুটি পেয়ে থাকেন বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০

১৯৭১ সালের ঐতিহাসিক ইন্দো-পাক যুদ্ধ জয়ের স্মরণে প্রতিবছরের ন্যায়া এবারেও বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। এই উপলক্ষে আজ মূল অনুষ্ঠানটি

হয় ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দফতর ফোর্ট উইলিয়ামে। সকালে বিজয় স্মারকে শ্রদ্ধা জ্ঞাপন করেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের জিও সি ইন সি রাম চন্দর তিওয়ারি। রাজ্যপাল তার ভাষণে মুক্তিযুদ্ধে ভারতের নেতৃত্ব ভারতীয় সেনার সাহস এবং অগ্রগতির ভূমিকা তুলে ধরেন। ভারতীয় সেনার আত্মত্যাগের কথা স্মরণ করে তিনি বলেন, এই বিজয় শুধুমাত্র সামরিক সাফল্য নয়, গণতন্ত্র এবং মানবাধিকারের প্রতি ভারতের অঙ্গীকারের প্রতীক।

এদিকে, এবারই প্রথম কলকাতায় সেনা বাহিনীর বিজয় দিবসের অনুষ্ঠানে যোগ দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। নিজের সংক্ষিপ্ত ভাষণে ভারতীয় সেনা বাহিনীর বীরত্বের কথা সশ্রদ্ধ চিত্তে স্মরণ করেন। স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের জন্মে ভারতের সশস্ত্র বাহিনীর ভূমিকার পাশাপাশি এই বিষয়ে ভারত - চীন এবং 1965 সালের ভারত - পাকিস্তান যুদ্ধের কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। মাতৃভূমির সম্মান রক্ষায় শহীদদের প্রতি তিনি শ্রদ্ধা নিবেদন করেন।

(বাইট - মুখ্যমন্ত্রী)

আজকের অনুষ্ঠানে বাংলাদেশ থেকেও ৯জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। তাদেরই একজন জানান, দুই প্রতিবেশী দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক অটুট থাকবে বলে তাঁর আশা।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজয় দিবস উপলক্ষে আজ প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে ফোর্ট উইলিয়ামের স্মারক সৌধ থেকে মাটি এনে ময়দানে ইন্দিরা গান্ধীর মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ প্রদেশ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ ইন্দিরা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জ্ঞাপন

করেন। মূর্তির পাদদেশ থেকে কংগ্রেস এর নেতাকর্মী সমর্থকরা পদযাত্রা করে কলকাতায় বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার কার্যালয় পর্যন্ত যায়।

০০০০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা, এবং এক্স হ্যাণ্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০০

ডিম, দুধ, মাংস উৎপাদনে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে প্রকাশিত চলতি বছরের অ্যানিমাল হাসবেন্ডি স্ট্যাটিসটিক্সের এই তথ্য নিজের এক্স হ্যাণ্ডেলে শেয়ার করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, জাতীয় উৎপাদনের ১২ দশমিক ৬/২ শতাংশ মাংস এ রাজ্যেই উৎপাদিত হয়েছে। পাশাপাশি দুধের ক্ষেত্রে দেশের মধ্যে বার্ষিক সর্বোচ্চ উৎপাদনস্থলও বাংলা। এক্ষেত্রে জাতীয় গড় যেখানে ৩ দশমিক সাত আট শতাংশ, সেখানে বাংলার গড় উৎপাদন শতকরা ৯ দশমিক সাত ছয় শতাংশ। তিনি জানিয়েছেন, ডিম, দুধ, মাংস উৎপাদনে দেশের সব থেকে বড় রাজ্য উত্তরপ্রদেশকেও ছাপিয়ে গেছে এই রাজ্য।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পুর এলাকায় বিল্ডিং প্ল্যান অনুমোদনের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে কাউন্সিলারদের ক্ষমতা খর্ব করে পুরসভার আধিকারিকদের বাড়তি দায়িত্ব দেওয়া হচ্ছে। এজন্য আইন সংশোধনের পর রাজ্য সরকার নতুন নিয়ম রূপায়ণের জন্য গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এখন থেকে পুর এলাকায় বিল্ডিং প্ল্যানের অনুমোদন দেওয়ার ক্ষেত্রে কাউন্সিলারদের সরাসরি কোনও ভূমিকা থাকবে না। পুরসভার এগজিকিউটিভ

অফিসার, পদাধিকার বলে ওই কমিটির আহ্বায়ক হবেন। পুরসভার চেয়ারম্যানই হবেন কমিটির চেয়ারম্যান। কমিটিতে ভাইস চেয়ারম্যান ছাড়াও থাকবেন ফিন্যান্স অফিসার ও ইঞ্জিনিয়াররা। এছাড়া 'বোর্ড অব কাউন্সিলার্স' মনোনীত কোনও একজন কাউন্সিলারকেও কমিটিতে রাখার কথা বলা হয়েছে।

নতুন নিয়মে প্ল্যান অনুমোদনে কাউন্সিলারদের প্রভাব খাটানো বন্ধ হবে। সরকারি আধিকারিকরা বিবেচনা করে প্ল্যান অনুমোদন বা বাতিল করতে পারবেন। জেলায় জেলায় পুরসভাগুলিতে এসংক্রান্ত নির্দেশ পৌঁছে গিয়েছে। তার ভিত্তিতে রাজপুর-সোনারপুর বারুইপুরের মতো বেশ কিছু পুরসভায় কমিটি গঠন করে বৈঠকও হয়ে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট তবলাবাদক পন্ডিত জাকির হোসেনের প্রয়াণে শোকস্তব্ধ সংস্কৃতি মহল। রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ছাড়াও শোক প্রকাশ করেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এছাড়াও বিভিন্ন মহল থেকে এসেছে শোক বার্তা। আকাশবাণী কলকাতা, সংবাদ বিভাগের শ্রদ্ধার্ঘ্য।

(ভয়েসকাস্ট – অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, মহিলাদের সিনিয়র একদিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। গ্রুপ ই, তে আজ বাংলা তাদের শেষ ম্যাচে ৯৮ রানে চণ্ডীগড়কে হারিয়ে দেয়।

এরফলে বাংলা ৫ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকে শেষ আটে পৌঁছেছে। আজ বাংলা প্রথমে ব্যাট করে সাত উইকেটে ১৯৯ রান তোলে। প্রতিভা মান্ডি ৪২ রান করেন। প্রিয়াঙ্কা বালা ৫০ রানে অপরাজিত থাকেন।

এরপর চণ্ডীগড় করে ১০১ রান। প্রতিভা তিনটি, সুস্মিতা গাঙ্গুলী ও চন্দ্রিমা বিশ্বাস দুটি করে উইকেট নেন।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo